পরিশিষ্ট-ক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপ পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, রংপুর বিভাগ, রংপুর

এবং

পরিচালক( সম্প্রসারণ), প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা

-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০১৮ হতে ৩০ জুন, ২০১৯

# সূচিপত্র

কর্মসম্পাদনের সার্বিক চিত্র

**উপক্রমণিকা**

সেকশন ১: রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

সেকশন ২: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

**সংযোজনী ১: শব্দ সংক্ষেপ** (Acronyms)

**সংযোজনী ২:** কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি

# প্রাণিসম্পদ অধিদপ্তরের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Department)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনাঃ**

প্রাণিসম্পদ অধিদপ্তর দেশের প্রাণিজ আমিষের চাহিদা পুরণের লক্ষ্যে গবাদিপশু, হাঁসমুরগি ও দুগ্ধ উৎপাদন বৃদ্ধিসহ সংরক্ষণ, রোগ নিয়ন্ত্রণ ও জাত উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। ২০১৬-১৭ অর্থবছরে জিডিপিতে স্থিরমূল্যে প্রাণিসম্পদ খাতের অবদান ১.৬০% এবং প্রবৃদ্ধির হার ৩.৩২% (বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা, ২০১৭)। মোট কৃষিজ জিডিপি'তে প্রাণিসম্পদ খাতের অবদান প্রায় ১৪.৩১% (প্রাক্কলিত)। তাছাড়া ২০১৬-১৭ অর্থ বছরে প্রাণিসম্পদ খাতে জিডিপির আকার ছিল ৩৬,০২৬ কোটি টাকা (প্রাক্কলিত) যা বিগত ২০১৫-১৬ অর্থবছরের তুলনায় ৩১১৬ কোটি টাকা বেশী (বিবিএস, ২০১৬-১৭)। এছাড়াও বাংলাদেশ পরিসখ্যান ব্যুরোর Survey on Private Sector Gross Fixed Capital Formation in Cultivated Biological Resources শীর্ষক প্রতিবেদনে জানা যায় জিডিপি ক্যালকুলেশনের ভিত্তি বছর পরিবর্তিত হলে প্রাণিসম্পদ খাতে জিডিপিতে আরও বাড়তি প্রায় ১০ হাজার কোটি টাকা যুক্ত হবে সেক্ষেত্রে প্রাণিসম্পদের জিডিপির আকার দাঁড়াবে প্রায় ৪৫ হাজার কোটি টাকার উপরে। জনসংখ্যার প্রায় ২০% প্রত্যক্ষ এবং ৫০% পরোক্ষভাবে প্রাণিসম্পদ খাতের ওপর নির্ভরশীল। অধিকন্ত প্রাণিজ আমিষের প্রধান উৎস মাংস, দুধ ও ডিমের উৎপাদন বিগত তিন বছরে যথাক্রমে ১৭.২৯%, ২৭.৬০% ও ২৫.৩৬% বৃদ্ধি পেয়েছে। বর্তমানে মাংস, দুধ ও ডিমের জন প্রতি প্রাপ্যতা বেড়ে যথাক্রমে ১২১.৭৪ গ্রাম/দিন, ১৫৭.৯৭ মি.লি/দিন ও ৯২.৭৫ টি/বছর এ উন্নীত হয়েছে যা দেশের ক্রমবর্ধমান জনসংখ্যার প্রাণিজ আমিষের চাহিদা মেটাতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। বিগত তিন বছরে প্রাণিসম্পদ সেক্টরের অর্জনসমূহ নিম্নরূপ:

| উৎপাদিত পণ্য | ২০১৪-১৫ | ২০১৫-১৬ | ২০১৬-১৭ |
|---|---|---|---|
| মাংস (লক্ষ মেট্রিক টন) | ৫৮.৬০ | ৬১.৫২ | ৭১.৫৪ |
| দুধ (লক্ষ মেট্রিক টন) | ৬৯.৭০ | ৭২.৭৫ | ৯২.৮৩ |
| ডিম (কোটি) | ১০৯৯.৫২ | ১১৯১.২৪ | ১৪৯৩.৩১ |

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহঃ**

গবাদিপশুর গুণগত মানসম্পন্ন খাদ্যের অপ্রতুলতা, রোগের প্রাদুর্ভাব, সুষ্ঠু সংরক্ষণ ও বিপণন ব্যবস্থার অভাব, প্রযুক্তিগত জ্ঞানের অভাব, সচেতনতার অভাব, প্রণোদনামূলক উদ্যোগের অভাব, উৎপাদন সামগ্রীর উচ্চ মূল্য, জলবায়ু পরিবর্তনের প্রভাব, সীমিত জনবল ইত্যাদি প্রাণিসম্পদ উন্নয়নে অন্যতম চ্যালেঞ্জ।

**ভবিষ্যৎ পরিকল্পনাঃ**

ভিশন ২০২১ অনুযায়ী জনপ্রতি দুধ, মাংস ও ডিমের চাহিদার লক্ষমাত্রা যথাক্রমে ১৫০ মিলি/দিন, ১১০ গ্রাম/দিন ও ১০৪টি/বছর পুরণের জন্যে প্রাণিসম্পদ অধিদপ্তর বিভিন্ন উদ্যোগ গ্রহণ করেছে। ২০২০-২১ সালের মধ্যে কাংখিত উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্তে দুধ, মাংস ও ডিম উৎপাদন যথাক্রমে ৯২.৯৭, ৬৮.১৮ লক্ষ মেট্রিক টন এবং ১৭৬৬ কোটিতে উন্নীতকরণ। গবাদিপশু ও পাখির রোগ নিয়ন্ত্রণ, নজরদারি, চিকিৎসা সেবার গুণগত মান উন্নয়ন এবং রোগ অনুসন্ধান গবেষণাগার স্থাপন। । দুগ্ধ ও মাংসল জাতের গরু উৎপাদন বৃদ্ধির জন্য কৃত্রিম প্রজনন কার্যক্রম সম্প্রসারণের মাধ্যমে গরু-মহিষের জাত উন্নয়ন। পশু খাদ্যের সরবরাহ বাড়াতে উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ, টিএমআর প্রযুক্তির প্রচলন ও পশু খাদ্যের মান নিয়ন্ত্রণ গবেষণাগার স্থাপন। তা'ছাড়া প্রাণিসম্পদের টেকসই উৎপাদন নিশ্চিত করার পাশাপাশি প্রাণিজ আমিষের নিরাপত্তা বিধান, আপামর জনগোষ্ঠীর পুষ্টির চাহিদাপূরণ, রপ্তানি আয় বৃদ্ধি ও অভিষ্ঠ জনগোষ্ঠীর অংশ গ্রহণের মাধ্যমে কাঙ্খিত আর্থসামাজিক উন্নয়ন নিশ্চিতকরণ।

**২০১৮-১৯ অর্থ বছরে রংপুর বিভাগ, রংপুর এর সম্ভাব্য অর্জনঃ**

- গবাদিপশুর উৎপাদনশীলতার বৃদ্ধির মাধ্যমে দুধ, মাংস এবং ডিমের উৎপাদন যথাক্রমে ৭.৫৫ লক্ষ মেট্রিক টন, ১০ লক্ষ মেট্রিক টন এবং ১৭০ কোটিতে উন্নীত করা;
- রোগ প্রতিরোধে ৩ কোটি গবাদিপশুকে টিকা প্রদান;
- প্রায় ১২ লক্ষ রোগাক্রান্ত গবাদিপশু ও ৬৩ লক্ষ হাঁস-মুরগির চিকিৎসা প্রদান;
- গবাদিপশুর জাত উন্নয়নে প্রায় ২.২৫ লক্ষ গাভী কে কৃত্রিম প্রজনন করা;
- গবাদিপশু-পাখি পালনে সক্ষমতা বৃদ্ধিতে ২৩০০ উঠান বৈঠক পরিচালনা করা এবং ১৭০০০ খামারীকে প্রশিক্ষণ প্রদান;

# উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরন এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

উপ পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর,রংপুর বিভাগ, রংপুর

এবং

পরিচালক (সম্প্রসারণ), ঢাকা, বাংলাদেশ এর মধ্যে ২০১৮ সালের জুন মাসের ২০ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেনঃ

## সেকশন ১:

রূপকল্প (**Vision**), অভিলক্ষ্য (**Mission**), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision) :

সকলের জন্য নিরাপদ, পর্যাপ্ত ও মানসম্মত প্রাণিজ আমিষ সরবরাহকরণ।

### ১.২ অভিলক্ষ্য (Mission) :

প্রাণিসম্পদের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি এবং মূল্য সংযোজনের মাধ্যমে প্রাণিজ আমিষের চাহিদাপুরণ।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

**১.৩.১** দপ্তরের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. গবাদিপশু-পাখির উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি।

২. গবাদিপশু-পাখির রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ ।

৩. মানবসম্পদ উন্নয়ণ ও কর্মসংস্হানের সুযোগ সৃষ্টি।

৪. নিরাপদ প্রাণিজাত পণ্য উৎপাদন, আমদানী ও রপ্তানি বৃদ্ধিতে সহায়তা ।

**১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন;

২. কার্যাপদ্ধতি, কর্ম পরিবেশ ও সেবার মানোন্নয়ন;

৩. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন;

৪. তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ;

৫. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন।

### ১.৪ কার্যাবলি (Functions):

১.৪.১ দুধ, মাংস,ও ডিমের উৎপাদন বৃদ্ধি করা ।

১.৪.২ গবাদিপশু-পাখির চিকিৎসা, রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ ।

১.৪.৩ গবাদিপশু-পাখির কৃত্রিম প্রজনন সম্প্রসারণ ।

১.৪.৪ গবাদিপশু-পাখির পুষ্টি উন্নয়ন ।

১.৪.৫ গবাদিপশু-পাখির জাত উন্নয়ন ।

১.৪.৬ প্রাণিসম্পদ উৎপাদন উপকরণ ও প্রাণিজাত খাদ্যের মান নিয়ন্ত্রণ এবং বৈদেশিক মূদ্রা অর্জন ।

১.৪.৭ গবাদিপশু-পাখির খামার ব্যবস্হাপনার উন্নয়ন।

১.৪.৮ গবাদিপশু-পাখির কৌলিকমাণ সংরক্ষণ ও উন্নয়ন।

১.৪.৯ প্রাণিসম্পদ সম্পর্কিত গবেষণা ও উন্নয়ন।

১.৪.১০ প্রাণিসম্পদ সংক্রান্ত আইন, বিধিমালা ও নীতিমালা বাস্তবায়ন ।

১.৪.১১ প্রাণিসম্পদ বিষয়ে প্রশিক্ষণের মাধ্যমে মানবসম্পদ উন্নয়ন।

## সেকশন ২

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষমাত্রাসমূহ

(মোট মান-৮০)

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of strategic objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performane Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক: ২০১৮-১৯ (Target/Criteria Value for FY 2018-19) | | | | | প্রক্ষেপন (Projection) ২০১৮-১৯ | প্রক্ষেপন (Projection) ২০১৯-২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | ২০১৬-২০১৭ | ২০১৭-১৮* | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| **মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| ১.গবাদিপশু-পাখির উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি | ২৫ | ১.১ কৃত্রিম প্রজনন সম্প্রসারণ | প্রজননের সংখ্যা | সংখ্যা (লক্ষ) | ১৫.০০ | ৪.৭০ | | ২.২৫ | ২.০৩ | ১.৮ | ১.৫৮ | ১.৩৫ | ২.৩০ | ২.৩৪ |
| | | ১.২ সংকর জাতের গবাদিপশুর বাছুর উৎপাদন | উৎপাদিত বাছুরের তথ্য সংগ্রহ | সংখ্যা (লক্ষ) | ১০.০০ | ১.৪০ | | ১.৬ | ১.৪৪ | ১.২৮ | ১.১২ | ০.৯৬ | ১.৬৩ | ১.৬৬ |
| ২. গবাদিপশু-পাখির রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ | ২৮ | ২.১ টিকা প্রদান সম্প্রসারণ | টিকা প্রয়োগকৃত পশুপাখির সংখ্যা | সংখ্যা (কোটি) | ১০.০০ | ২.৮৭ | | ৩ | ২.৭ | ২.৪ | ২.১০ | ১.৮ | ৩.০৬ | ৩.১২ |
| | | ২.২ গবাদিপশুর চিকিৎসা প্রদান | চিকিৎসাকৃত গবাদি পশু | সংখ্যা (কোটি) | ৫.০০ | ০.১৩ | | ০.১২ | ০.১ | ০.০৯৬ | ০.০৮ | ০.০৭২ | ০.১২ | ০.১২ |
| | | ২.৩ হাঁস-মুরগির চিকিৎসা প্রদান | চিকিৎসাকৃত হাঁস-মুরগি | সংখ্যা (কোটি) | ৫.০০ | ০.৭৫ | | ০.৬৩ | ০.৬ | ০.৫০৪ | ০.৪৪ | ০.৩৭৮ | ০.৬৪ | ০.৬৬ |
| | | ২.৪ গবাদিপশু-পাখির রোগ অনুসন্ধানে নমুনা সংগ্রহ ও গবেষণাগারে প্রেরণ | প্রেরীত নমুনা | সংখ্যা | ৫.০০ | ৪৫০৭ | | ৩৭৫০ | ৩৩৭৫ | ৩০০০ | ২৬২৫ | ২২৫০ | ৩৮২৫ | ৩৯০২ |
| | | ২.৫ গবাদিপশু-পাখির ডিজিজ সার্ভিল্যান্স | সার্ভিল্যান্সকৃত রোগ সংক্রমনের সংখ্যা | সংখ্যা | ৩.০০ | ৪৭৪ | | ৬০০ | ৫৪০ | ৪৮০ | ৪২০ | ৩৬০ | ৬১২ | ৬২৪ |
| ৩. মানবসম্পদ উন্নয়ন ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি | ১৭ | ৩.১ প্রশিক্ষণের মাধ্যমে খামারির দক্ষতা বৃদ্ধিকরণ | প্রশিক্ষণ প্রাপ্ত খামারী | সংখ্যা | ৫.০০ | ১৮১০০ | | ১৭০০০ | ১৫৩০০ | ১৩৬০০ | ১১৯০০ | ১০২০০ | ১৭৩৪০ | ১৭৬৮৭ |
| | | ৩.২ গবাদিপশু-পাখি পালনে সক্ষমতা বৃদ্ধিতে উঠান বৈঠকের আয়োজন | আয়োজিত উঠান বৈঠক | সংখ্যা | ৪.০০ | ৯০০১ | | ২৩০০ | ২০৭০ | ১৮৪০ | ১৬১০ | ১৩৮০ | ২৩৪৬ | ২৩৯৩ |
| | | ৩.৩ গবাদিপশু-পাখি পালনে সক্ষমতা বৃদ্ধিতে উঠান | উঠান বৈঠকে অংশগ্রহণকারী | সংখ্যা | ৪.০০ | - | | ২৩০০০ | ২০৭০০ | ১৮৪০০ | ১৬১০০ | ১৩৮০০ | ২৩৪৬০ | ২৩৯২৯ |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of strategic objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performane Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক: ২০১৮-১৯ (Target/Criteria Value for FY 2018-19) | | | | | প্রক্ষেপন (Projection) ২০১৮-১৯ | প্রক্ষেপন (Projection) ২০১৯-২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | ২০১৬-২০১৭ | ২০১৭-১৮* | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| **মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| | | বৈঠকে অংশগ্রহণের জন্য উদ্বুদ্ধকরণ | | | | | | | | | | | | |
| | | ৩.৪ ঘাস চাষ সমপ্রসারণ | ঘাস চাষকৃত জমি | একর | ৪.০০ | ২১.৩৪ | | ৬৪ | ৫৭.৬ | ৫১.২ | ৪৪.৮ | ৩৮.৪ | ৬৫.২৮ | ৬৬.৫৯ |
| ৪. নিরাপদ প্রাণিজাত পণ্য উৎপাদন, আমদানী ও রপ্তানি বৃদ্ধিতে সহায়তা | ১০.০০ | ৪.১ পশুখাদ্য আইন বাস্তবায়নে খামার/ফিডমিল/ হ্যাচারি পরিদর্শন | পরিদর্শনকৃত খামার/ ফিডমিল/ হ্যাচারি | সংখ্যা | ৮.০০ | ৫১৬৫ | | ৫০০০ | ৪৫০০ | ৪০০০ | ৩৫০০ | ৩০০০ | ৫১০০ | ৫২০২ |
| | | ৪.২ খামার রেজিস্ট্রেশন/নবায়ন | রেজিস্ট্রেশনকৃত/ নবায়নকৃত খামার | সংখ্যা | ১.০০ | - | | ৪৫ | ৪০.৫ | ৩৬ | ৩২ | ২৭ | ৪৬ | ৪৭ |
| | | ৪.৩ মোবাইল কোর্ট পরিচালনা | মোবাইল কোর্ট | সংখ্যা | ১.০০ | - | | ৬০ | ৫৪ | ৪৮ | ৪২ | ৩৬ | ৬১.২ | ৬২ |

## মাঠ পর্যায়ের কার্যালয়ের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ
(মোট মান-২০)

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান-২০১৮-১৯ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | ৪ | ২০১৮-১৯ অর্থ বছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি মন্ত্রণালয়/বিভাগে দাখিলকৃত | তারিখ | ১ | ১৭ এপ্রিল | ১৯ এপ্রিল | ২০ এপ্রিল | ২৩ এপ্রিল | ২৫ এপ্রিল |
| | | ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | - | - | - |
| | | ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধ বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল | নির্ধারিত তারিখে অর্ধ বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ১৫ জানুয়ারি | ১৬ জানুয়ারি | ১৭ জানুয়ারি | ১৮ জানুয়ারি | ২১ জানুয়ারি |
| | | ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ১৩ জুলাই | ১৬ জুলাই | ১৮ জুলাই | ২০ জুলাই | ২৩ জুলাই |
| কার্যপদ্ধতি, কর্ম পরিবেশ ও সেবার মানোন্নয়ন | ৯ | মাঠ পর্যায়ের কার্যালয় সমূহে কমপক্ষে একটি অনলাইন সেবা চালুকরা | অনলাইন সেবা চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারী | - | - |
| | | দপ্তর বা সংস্থার কমপক্ষে একটি সেবপ্রক্রিয়া সহজীকৃত | সেবপ্রক্রিয়া সহজীকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারী | ১৫ মাচ | - |
| | | উদ্ভাবনী উদ্যোগ ও Small Improvement Project (SIP) বাস্তবায়ন | উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়িত | তারিখ | ১ | ৪ জানুয়ারি | ১১ জানুয়ারি | ১৮ জানুয়ারি | ২৫ জানুয়ারি | ৩১ জানুয়ারি |
| | | | এসআইপি বাস্তবায়িত | % | ১ | ২৫ | - | - | - | - |
| | | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটির নগদায়ন ও পেনশন মঞ্জুরীপত্র যুগপৎ জারি নিশ্চিতকরণ | সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটির নগদায়ন পত্র যুগপৎ জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | সিটিজেনস চার্টার অনুযায়ী সেবা প্রদান | প্রকাশিত সিটিজেনস চার্টার অনুযায়ী সেবা প্রদানকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নিস্পত্তিকৃত অভিযোগ | % | ১ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | - |
| | | সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার (Waiting Room) এর ব্যবস্থা করা | নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারী | - | - |
| | | সেবার মান সম্পর্কে সেবা গ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা | সেবা গ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারী | ২৮ ফেব্রুয়ারি | - | - |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান-২০১৮-১৯ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ৪ | সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণের সময়* | জনঘন্টা | ২ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | ২০১৮-১৯ অর্থ বছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত | তারিখ | ১ | ১৬ জুলাই | ৩১ জুলাই | - | - | - |
| | | | নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | - | - | - |
| তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ | ১ | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ০.৫ | ৮০ | ৭০ | ৬০ | - | - |
| | | স্বপ্রণোদিত তথ্য প্রকাশ | স্বপ্রণোদিত তথ্য প্রকাশিত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮৫ | ৮০ | ৭৫ |
| আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ২ | অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ২ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |

* ৬০ ঘন্টা প্রশিক্ষণের মধ্যে অন্যূন ২০ ঘন্টা সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণ অন্তর্ভুক্ত থাকবে।

আমি উপ পরিচালক,বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, রংপুর বিভাগ, রংপুর গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পরিচালক (সম্প্রসারণ), প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ ,ঢাকা এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, পরিচালক (সম্প্রসারণ), প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের উপ পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, রংপুর বিভাগ, রংপুর এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

উপ পরিচালক
বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর
রংপুর বিভাগ, রংপুর

২০/৬/২০২৫
তারিখ

পরিচালক (সম্প্রসারণ)
প্রাণিসম্পদ অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

২০/৭/২৫
তারিখ

আমি উপ পরিচালক,বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, রংপুর বিভাগ, রংপুর গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পরিচালক (সম্প্রসারণ), প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ ,ঢাকা এর  নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, পরিচালক (সম্প্রসারণ), প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের উপ পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, রংপুর বিভাগ, রংপুর এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

[signature]

উপ পরিচালক
বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর
রংপুর বিভাগ, রংপুর

২০/৬/২০১৮
তারিখ

[signature]

পরিচালক (সম্প্রসারণ)
প্রাণিসম্পদ অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

২০/৬/১৮
তারিখ

# শব্দ সংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নং | আদ্যক্ষরসমূহ | বর্ণনা |
|---|---|---|
| ১. | এআই | কৃত্রিম প্রজনন (Artificial Insemination) |
| ২. | বিএলআরআই | বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান (Bangladesh Livestock Research Institute) |
| ৩. | বিবিএস | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (Bangladesh Bureau of Statistics) |
| ৪. | ডিএলএস | প্রাণিসম্পদ অধিদপ্তর (Department of Livestock Services) |
| ৫. | ইপিবি | এক্সপোর্ট প্রমোশন ব্যুরো (Export Promotion Bureau) |
| ৬. | এফএও | খাদ্য ও কৃষি সংস্থা (Food and Agriculture Organization) |
| ৭. | জিডিপি | মোট দেশজ উৎপাদন (Gross Domestic Product) |
| ৮. | এমওএফএল | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (Ministry of Fisheries and Livestock) |
| ৯. | এনজিও | বেসরকারি সংস্থা (Non Government Organization) |
| ১০. | টিএমআর | টোটাল মিক্সড রেশন (Total Mixed Ration) |

## সংযোজনী -২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| ক্রমিক নং | কার্যক্রম | কর্ম সম্পাদন সূচকসমুহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | কৃত্রিম প্রজনন সম্প্রসারণ | প্রজননের সংখ্যা | গবাদিপশুর জাত উন্নয়ণে কৃত্রিম প্রজনন একটি পদ্ধতি যার মাধ্যমে গাভীকে নির্দিষ্ট সময়ে কৃত্রিম উপায়ে প্রজনন করা হয়। এটি গবাদিপশুর জাত উন্নয়ন তথা দুধ এবং মাংস উৎপাদন বৃদ্ধির জন্য আবশ্যক। সকল জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র, উপকেন্দ্র এবং পয়েন্টসমূহে অভিজ্ঞ মাঠকর্মী/কৃত্রিম প্রজনন কর্মীর মাধ্যমে মাঠ পর্যায়ে কৃত্রিম প্রজনন কার্যক্রম পরিচালিত হয়ে থাকে। | ডি.এল.এস | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | নিয়মিত রাজস্ব ও প্রকল্প কার্যক্রম |
| ২. | ছাগল উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে সরকারি প্রজনন কেন্দ্রে প্রাকৃতিক ছাগী প্রজনন করা | প্রজননকৃত ছাগীর সংখ্যা | নির্দিষ্ট সময়ে প্রাকৃতিক উপায়ে ব্লাক বেঙ্গল জাতের প্রজননক্ষম পাঁঠা দ্বারা ছাগীকে প্রজনন করানো হয়। দেশব্যাপী ২২ টি জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্রের মাধ্যমে এ কার্যক্রম পরিচালিত হয়ে থাকে। পর্যায়ক্রমে একার্যক্রম উপজেলা পর্যন্ত সম্প্রসারণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। | ডি.এল.এস | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | দেশীয় এই জাত সংরক্ষণ করা প্রয়োজন |
| ৩. | সংকর জাতের গবাদিপশুর বাছুর উৎপাদন | উৎপাদিত বাছুরের তথ্য সংগ্রহ | দেশব্যাপী কৃত্রিম প্রজনন কেন্দ্র, উপকেন্দ্র ও পয়েন্টের মাধ্যমে পরিচালিত এ.আই কার্যক্রমের ফলাফল হিসেবে উৎপাদিত সংকর জাতের বাছুর খামারী ও পারিবারিক পর্যায়ে পালন করা হয়ে থাকে এবং মাঠ পর্যায়ে বাছুরগুলোর তথ্য সংরক্ষণ করা হয় ও পরবর্তীতে প্রজনন কাজে ব্যবহার করা হয়। | ডি.এল.এস এবংবেসরকারি উদ্যোক্তা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | বাছুর মৃত্যু প্রতিরোধের জন্য কর্মসূচী/ উন্নয়ন প্রকল্প প্রয়োজন |
| ৪. | টিকা প্রদান সম্প্রসারণ | টিকা প্রয়োগকৃত পশু-পাখি | গবাদিপশু-পাখির রোগ-প্রতিরোধ ক্ষমতা সৃষ্টির লক্ষ্যে টীকা প্রদান করা হয়ে থাকে। ভিএফএ এবং অন্যান্য মাঠ কর্মী মাঠ পর্যায়ে টীকা প্রদান করে থাকে। | ডি.এল.এস, এনজিও ও বেসরকারি উদ্যোক্তা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | উন্নয়ন প্রকল্প প্রয়োজন |
| ৫. | গবাদিপশুর চিকিৎসা প্রদান | চিকিৎসাকৃত পশুর | দেশের প্রতিটি উপজেলা, জেলা প্রাণী হাসপাতাল এবং কেন্দ্রীয় প্রাণী হাসপাতালে ডিএলএস এর ভেটেরিনারী সার্জন কর্তৃক অসুস্থ/রোগাক্রান্ত গবাদিপশুর চিকিৎসা সেবা প্রদান করা হয়ে থাকে। | ডি.এল.এস এবং এম.ও.এফ.এল | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | মোবাইল ভেটেরিনারি সেবা প্রয়োজন |
| ৬. | হাঁস মুরগির চিকিৎসা প্রদান | চিকিৎসাকৃত হাঁস মুরগি | দেশের প্রতিটি উপজেলা, জেলা প্রাণী হাসপাতাল এবং কেন্দ্রীয় প্রাণী হাসপাতালে ডিএলএস এর ভেটেরিনারী সার্জন কর্তৃক অসুস্থ/রোগাক্রান্ত হাঁস মুরগির চিকিৎসা সেবা প্রদান করা হয়ে থাকে। | ডি.এল.এস এবং এম.ও.এফ.এল | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | মোবাইল ভেটেরিনারি সেবা প্রয়োজন |
| ৭. | গবাদিপশু-পাখির রোগ অনুসন্ধানে নমুনা সংগ্রহ ও গবেষণাগারে প্রেরণ | প্রেরীত নমুনা | উপজেলা পর্যায় থেকে গবাদিপশু-পাখির রোগ অনুসন্ধানে নিয়মিত বিভিন্ন রোগের নমুনা সংগ্রহ করে নিকটস্থ এফডিআইএল এ প্রেরণ করা হয়। | ডি.এল.এস | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | নিয়মিত কার্যক্রম |
| ৮. | গবাদিপশু-পাখির ডিজিজ সার্ভিল্যান্স | সার্ভিল্যান্সকৃত রোগ সংক্রমনের সংখ্যা | উপজেলা পর্যায় থেকে গবাদিপশু-পাখির বিভিন্ন রোগ সংক্রমণ হয়ে থাকে যা নিয়মিত তদারকি করা হয় এবং সে অনুযায়ী রোগ নিয়ন্ত্রণ কার্যক্রম গ্রহণ করা হয়। | ডি.এল.এস | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | নিয়মিত কার্যক্রম |
| ৯. | প্রশিক্ষণের মাধ্যমে খামারীর দক্ষতা বৃদ্ধিকরণ | প্রশিক্ষণপ্রাপ্ত খামারী | মাঠ পর্যায়ের খামারীদের গবাদিপশু-পাখি পালনে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক খামার ব্যবস্থাপনা, রোগ নিয়ন্ত্রণ ও আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হয়ে থাকে। | ডি.এল.এস, এনজিও এবং বেসরকারি উদ্যোক্তা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | উন্নয়ন প্রকল্প প্রয়োজন |

| ক্রমিক নং | কার্যক্রম | কর্ম সম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |
| ১০. | গবাদিপশু-পাখি পালনে সক্ষমতা বৃদ্ধিতে উঠান বৈঠকের আয়োজন | আয়োজিত উঠান বৈঠক | মাঠ পর্যায়ের কর্মরত কর্মকর্তাগণ ক্ষুদ্র এবং মাঝারী গবাদিপশুর খামার প্রতিষ্ঠায় সাধারন উদ্যোক্তাগণকে উঠান বৈঠক এর মাধ্যমে কারিগরী ও প্রযুক্তিগত সহায়তা প্রদান করে থাকে। | ডি.এল.এস এবং বেসরকারি উদ্যোক্তা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | আধুনিক প্রযুক্তি প্রয়োজন |
| ১১. | গবাদিপশু-পাখি পালনে সক্ষমতা বৃদ্ধিতে উঠান বৈঠকে অংশ গ্রহণের জন্য উদ্বুদ্ধকরণ | উঠান বৈঠকে অংশগ্রহণকারী | মাঠ পর্যায়ের কর্মরত কর্মকর্তাগণ ক্ষুদ্র এবং মাঝারী পোল্ট্রি খামার প্রতিষ্ঠায় কারিগরী ও প্রযুক্তিগত সহায়তা প্রদান করার উদ্দেশ্যে উঠান বৈঠকে অংশগ্রহণ করার জন্য খামারী ও সাধারণ মানুষকে উদ্বুদ্ধ করে থাকেন। | ডি.এল.এস এবং বেসরকারি উদ্যোক্তা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | আধুনিক প্রযুক্তি প্রয়োজন |
| ১২. | ঘাস চাষ সম্প্রসারণ | ঘাস চাষকৃত জমি | ফডার এক প্রকারের সবুজ ঘাস যা গবাদিপশুর প্রয়োজনীয় পুষ্টি সরবরাহ করে। নেপিয়ার, পারা, জার্মান উন্নত জাতের ঘাস। প্রাণিসম্পদ অধিদপ্তরের অধীনে সরকারি দুগ্ধ খামার, বিভিন্ন জেলা, উপজেলা দপ্তরে এবং খামারীর জায়গায় ঘাসের নার্সারী ও প্রদর্শনী প্লট স্থাপন করা হয়ে থাকে। | ডি.এল.এস, এনজিও এবং বেসরকারি উদ্যোক্তা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | প্রক্রিয়াজাতকরণ প্রযুক্তির আধুনিকায়ন প্রয়োজন |
| ১৩. | পশুখাদ্য আইন বাস্তবায়নে খামার/ফিডমিল/ হ্যাচারি পরিদর্শন | পরিদর্শনকৃত খামার/ ফিড মিল/ হ্যাচারি | বিভিন্ন খামার, ফিড মিল এবং হ্যাচারিসমূহের রেজিস্ট্রেশন, লাইসেন্স নবায়ন, প্রাণিসম্পদ সংশ্লিষ্ট বিভিন্ন আইন ও বিধিমালার সফল বাস্তবায়ন, খামারের বায়োসিকিওরিটি ও সার্বিক গুণগত মান রক্ষা এবং প্রাণিজজাত নিরাপদ খাদ্য নিশ্চিত করার স্বার্থে প্রাণিসম্পদ অধিদপ্তরের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ কর্তৃক নিয়মিত পরিদর্শন করা হয়। | ডি.এল.এস এবং এম.ও.এফ.এল | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | নিয়মিত কার্যক্রম |